অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/26/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আন্তঃএজেন্সি অগ্নি নিরাপত্তা কর্মগোষ্ঠীর সুপারিশ অনুযায়ী খসড়া অগ্নি কোড ভাষা ঘোষণা করলেন

খসড়া কোড ভাষাতে রয়েছে সমন্বয় এবং জরুরি প্রস্তুতি উন্নত করার জন্য পরিবর্তন

ব্যাটারি স্টোরেজ ধারণক্ষমতার নিরাপদ ও নির্ভরযোগ্য বিকাশকে অগ্রসর করবে, পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরের জন্য এটি অতি গুরুত্বপূর্ণ একটি উপাদান

ব্যাটারি শক্তি স্টোরেজ ব্যবস্থার নিরাপত্তা মানদণ্ড উন্নত করার জন্য কর্মগোষ্ঠী তৈরি করা হয়েছিলো

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক অগ্নি কোডের (New York Fire Code) সংশোধনসমূহ ঘোষণা করেছেন যেখানে গভর্নরের আন্তঃএজেন্সি অগ্নি নিরাপত্তা কর্মগোষ্ঠীর (Interagency Fire Safety Working Group) সুপারিশ অনুযায়ী খসড়া কোড ভাষা রয়েছে। খসড়া কোড ভাষাতে রয়েছে শক্তি স্টোরেজ প্রকল্প পরিকল্পনার সময়কার সমন্বয়, নিরাপত্তা এবং জরুরি প্রস্তুতি উন্নত করার জন্য সংশোধন ও সংযোজন। ব্যাটারি শক্তি স্টোরেজ ব্যবস্থার (battery energy storage system, BESS) শিল্পখাত আবর্তিত হচ্ছে, এবং প্রস্তাবিত সুপারিশসমূহ BESS ধারণক্ষমতার নিরাপদ ও নির্ভরযোগ্য বিকাশকে অগ্রসর করবে যা পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরের জন্য অতি গুরুত্বপূর্ণ।

"ব্যাটারি স্টোরেজ হলো নিউ ইয়র্কে সবুজ অর্থনীতি গঠনের একটি মুখ্য উপাদান, এবং যথাযথ নিরাপত্তা মানদণ্ড নিশ্চিত করার জন্য আমরা সার্বিক প্রয়াস গঠন করেছি," **গভর্নর হোকল বলেন।** "অগ্নি কোড সংশোধন করার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তর নিরাপদে ও দায়িত্বশীলভাবে হয়।"

জেফার্সন, অরেঞ্জ এবং সাফোক কাউন্টির ফ্যাসিলিটি পর গভর্নর হোকল শক্তি স্টোরেজ ব্যবস্থার নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে 2023 সালে কর্মগোষ্ঠী সমবেত করেন। কর্মগোষ্ঠীর দায়িত্ব ছিলো স্বাধীনভাবে শক্তি স্টোরেজ ফ্যাসিলিটির অগ্নি ও নিরাপত্তা মানদণ্ড পরীক্ষা করা এবং একটি খসড়া অগ্নি কোড সুপারিশ প্রতিবেদন (Fire Code Recommendations Report) তৈরি করা।

নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State) কাছে নোটিশ অফ রুল ইন ডেভেলপমেন্ট (Notice of Rule in Development) প্রক্রিয়ার মাধ্যমে 24 সেপ্টেম্বর, 2024 তারিখের মধ্যে খসড়া কোড ভাষা সম্পর্কিত মন্তব্য প্রদান করতে আগ্রহী পক্ষকে আমন্ত্রণ জানানো হয়েছে। রুল ইন ডেভেলপমেন্ট দেখুন।

প্রস্তাবিত সুপারিশের মধ্যে রয়েছে:

- লিথিয়াম-আয়ন ব্যাটারির স্থাপিত সীমা অতিক্রম করা শক্তি ধারণক্ষমতার সকল BESS ইনস্টল করার জন্য শিল্পখাতের অর্থায়িত স্বাধীন পিয়ার রিভিউ আবশ্যক করা।
- একটি BESS অগ্নিকাণ্ডের ঘটনায় স্থানীয় জরুরি সাড়াদানকারীদের সমর্থন প্রদান করার জন্য একজন যোগ্যতাসম্পন্ন কর্মী বা BESS ইনস্টলেশনের জ্ঞানসম্পন্ন একজন প্রতিনিধির 15 মিনিটের মধ্যে ডিস্প্যাচ হওয়া এবং চার ঘণ্টার মধ্যে ঘটনাস্থলে পৌঁছানোর জন্য উপলভ্য থাকা আবশ্যক।
- পরিসীমার বেড়া বা নিরাপত্তা প্রতিবন্ধকতা অন্তর্ভুক্ত করার জন্য এবং সাইটের একটি মানচিত্র, BESS পরিবেষ্টনী, এবং সংশ্লিষ্ট সরঞ্জাম অন্তর্ভুক্ত করার জন্য BESS এর বাইরেও নিরাপত্তা সাইনেজের আবশ্যিকতা সম্প্রসারিত করা।
- সকল প্রকল্প যাতে অগ্নি কোড মান্য করে তা নিশ্চিত করার জন্য বৈদ্যুতিক ইউটিলিটির মালিকানাধীন বা পরিচালিত BESS প্রকল্পের অগ্নি কোড মওকুফ অপসারণ করা।
- প্রত্যেক BESS ফ্যাসিলিটি যাতে একটি জরুরি সাড়াদান পরিকল্পনা (Emergency Response Plan, ERP) নিয়ে প্রস্তুত থাকে তা আবশ্যক করা এবং স্থানীয় দমকল বিভাগকে সাইটের জন্য নির্দিষ্ট প্রশিক্ষণ প্রদান করা আবশ্যক করে যাতে তারা প্রকল্প, BESS সংশ্লিষ্ট বিপদ, এবং ERP এ রূপরেখা প্রদান করা প্রক্রিয়ার সাথে নিজেদের পরিচিত করতে পারে।
- একটি অগ্নি অ্যালার্মের ঘটনায় স্থানীয় দমকল বিভাগ যাতে সময়মতো, যথাযথ নোটিফিকেশন পেতে পারে তা নিশ্চিত করার জন্য একটি কেন্দ্রীয় স্টেশন সেবা অ্যালার্ম ব্যবস্থা যাতে অগ্নি নির্ণয় ব্যবস্থা পর্যবেক্ষণ করতে পারে তার জন্য সকল BESS ইনস্টলেশনে একটি অগ্নি কোড অন্তর্ভুক্ত করা আবশ্যক করা।
- অগ্নি কোডে একটি নতুন প্রবিধান যোগ করা যা BESS ইনস্টলেশনের জন্য নিয়মিত শিল্পখাত অর্থায়িত বিশেষ পরিদর্শন বাধ্যতামূলক করবে যা পুঙ্খানুপুঙ্খ নিরাপত্তা ও নিয়ম অনুসরণ করা নিশ্চিত করবে।

সকল বিদ্যমান কোড এবং ব্যাটারি স্টোরেজ ব্যবস্থার সাথে সম্পর্কিত সকল বিকাশ ও বৈদ্যুতিকায়ন পরীক্ষা প্রক্রিয়ার পর্যালোচনা করতে এবং একটি খসড়া অগ্নি কোড সুপারিশ প্রতিবেদন তৈরি করতে কর্মগোষ্ঠী জাতীয় গবেষণাগার এবং অন্যান্য দেশের শীর্ষস্থানীয় বিষয়ের অভিজ্ঞ ব্যক্তিদের সাথে সহযোগিতামূলক কাজ করেছে। 2024 সালের শুরুর দিকে প্রতিবেদন সম্পর্কে মতামত প্রদান করার জন্য নিউ ইয়র্ক শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) এই বিষয়ের অভিজ্ঞ ব্যক্তি এবং আগ্রহী স্টেকহোল্ডারদের কাছে জনগণের মন্তব্যের জন্য অনুরোধ করে। কর্মগোষ্ঠী মন্তব্য গ্রহণ করেছে, পর্যালোচনা করেছে এবং যথাযথ হলে তা যুক্ত করেছে।

কর্মগোষ্ঠীর চূড়ান্ত সুপারিশসমূহ দেখুন।

স্টেটের স্টেট সচিব ওয়াল্টার টি মসলি বলেন, "লিথিয়াম-আয়ন ব্যাটারি এবং শক্তি স্টোরেজ ফ্যাসিলিটি আমাদের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জনে নিউ ইয়র্কের কাজে একটি বিরাট ভূমিকা পালন করে। গভর্নর হোকল এই নতুন, কিন্তু অতি গুরুত্বপূর্ণ প্রযুক্তির জন্য যথাযথ নিরাপত্তা মানদণ্ড স্থাপন করার গুরুত্ব উপলব্ধি করেছেন, এবং গভর্নরের কর্মগোষ্ঠীর সুপারিশের ভিত্তিতে তৈরি এই খসড়া ভাষা ভবিষ্যতে এইসব ফ্যাসিলিটির নিরাপদ পরিচালনা নিশ্চিত করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "কর্মগোষ্ঠীর সুপারিশসমূহ এবং আধুনিক অনুশীলন, সরঞ্জাম ও প্রযুক্তি ব্যবহার করে আমরা যাতে জীবন ও সম্পদ রক্ষা করতে সাহায্য করা অব্যাহত রাখতে পারি সংশোধিত অগ্নি কোড এবং প্রক্রিয়ার অন্তর্ভুক্তিকে DHSES সমর্থন করছে।"

নিউ ইয়র্ক শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "আমরা একটি পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যতের দিকে অগ্রসর হচ্ছি, এই সময় যদি এইসব কোড উন্নয়ন গ্রহণ করা হয় তাহলে তা নিউ ইয়র্কের গ্রিডের স্থিতিস্থাপকতা ও কার্যকারিতা উন্নত করতে এবং একই সাথে নিউ ইয়র্কবাসীর নিরাপত্তাকে অগ্রাধিকার প্রদান করার ব্যাপারে অতি গুরুত্বপূর্ণ হবে। গভর্নরের আন্তঃএজেন্সি অগ্নি নিরাপত্তা কর্মগোষ্ঠীর সুপারিশসমূহ অগ্রসর করতে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য NYSERDA নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ স্টেটের প্রশংসা করছে, এবং অগ্নি নিরাপত্তা এবং স্থির শক্তি স্টোরেজ ব্যবস্থার ক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক নেতা হিসেবে নিউ ইয়র্কের অবস্থানকে বলীয়ান করতে নিরাপত্তা ও স্ট্যান্ডার্ডাইজড সেরা অনুশীলন উন্নত করার জন্য অন্যান্য স্টেট এজেন্সির সাথে চলমান সহযোগিতার জন্য NYSERDA উন্মুখ।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "উন্নত জরুরি পরিকল্পনা, তথ্য আদানপ্রদান, এবং অন্যান্য সতর্কতার জন্য নিউ ইয়র্ক স্টেটের একাধিক এজেন্সির সুপারিশসমূহ সম্প্রদায়কে সম্ভাব্য অগ্নিকাণ্ড থেকে সুরক্ষিত রাখা নিশ্চিত করতে সাহায্য করার জন্য মুখ্য হবে। স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্য অর্জনের সাহায্য করতে ব্যাটারি স্টোরেজ একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান এবং চলমান কঠোর মূল্যায়ন ও পরিবর্তন পরিচালনা ও জননিরাপত্তা উভয় ক্ষেত্রে উন্নতিকে অগ্রসর করবে।"

জনসেবা বিভাগের (Department of Public Service) প্রধান নির্বাহী কর্মকর্তা রোরি এম ক্রিস্টিয়ান বলেন, "জনগণের সুরক্ষার গুরুত্বের কথা মাথায় রেখে, আরো বেশি ব্যাটারি স্টোরেজ ফ্যাসিলিটি যখন সক্রিয় হচ্ছে তখন নিরাপত্তাকে অগ্রাধিকার প্রদান নিশ্চিত করতে বিভাগটি এর কাজ অব্যাহত রাখবে। এইসব শক্তি স্টোরেজ কেন্দ্রে সম্ভাব্য অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও প্রশমন করার এই যৌথ প্রয়াসের আমরা প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে ক্লিন এনার্জির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। গ্রিনহাউজ গ্যাস নিঃসরণকে 1990 সালের মাত্রার তুলনায় 2030 সালের মধ্যে 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশে হ্রাস করার জন্য দেশের সবথেকে আগ্রাসী কিছু জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তি উদ্যোগের দ্বারা নির্দেশিত হয়ে নিউ ইয়র্ক প্রয়াসের একটি সমাহারকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত লাভের পথে রয়েছে, এর সাথে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং মধ্য শতাব্দীর মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলোএবং অন্যান্য বিনিয়োগ 2022 সাল পর্যন্ত নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 170,000 এর বেশি চাকরিকে সমর্থন করছে এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধি হয়েছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্ব নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে, এতে রয়েছে 400টির বেশি নিবন্ধিত এবং 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট সম্প্রদায় (Climate Smart Communities), 500টির বেশি পরিচ্ছন্ন শক্তি সম্প্রদায় (Clean Energy Communities), এবং বায়ু দূষণ নির্মূল করতে এবং জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করতে সাহায্য করার জন্য পুরো স্টেটের 10টি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে স্টেটের বৃহত্তম সম্প্রদায়ের বায়ু পর্যবেক্ষণ উদ্যোগ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন